

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এফ,ই সার্কুলার নং ১১

জ্যৈষ্ঠ ১৮, ১৪১৭ বাং  
তারিখ : -----  
জুন ০১, ২০১০ ইং

বৈদেশিক মুদ্রায় লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

### জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১১, ২০১০ তারিখে জারিকৃত এফ,ই সার্কুলার নং ০৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

উক্ত এফ,ই সার্কুলারের ৪(ক) অনুচ্ছেদে জাহাজ রপ্তানির বিপরীতে ভর্তুকীর আবেদনপত্রের সহিত রপ্তানী উন্নয়ন ব্যুরো/সংশ্লিষ্ট এসোসিয়েশন হইতে ফরম-ঘ মোতাবেক সনদপত্র দাখিল করিতে হইবে মর্মে নির্দেশনা জ্ঞাপিত রহিয়াছে। এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, জাহাজ রপ্তানির ক্ষেত্রে সনদপত্র ইস্যুর ক্ষমতা আপাততঃ রপ্তানী উন্নয়ন ব্যুরো এর নিকট ন্যস্ত থাকিবে।

এফ,ই সার্কুলার নং ০৬/২০১০ এর অপরাপর শর্তাবলী অপরিবর্তিত থাকিবে। সংশ্লিষ্ট সকল পক্ষসমূহকে এতদনুযায়ী অবহিতকরণের জন্য অনুরোধ করা যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)  
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)  
ফোন : ৭১২০৩৭৫